

"মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা  
ই-হজ ব্যবস্থাপনা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.hajj.gov.bd

হজ সর্বোচ্চ অগ্রাধিকার

সচিব, হাব  
সকল সদস্যকে  
অবহিত করুন।  
Faruque Ahmed Sardar  
Secretary General  
Hajj Agencies Association of Bangladesh

নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৪০.০০১.২১-৩৮৬

তারিখ: ০৫ চৈত্র ১৪২৯  
১৯ মার্চ ২০২৩

### বিজ্ঞপ্তি

বিষয়ঃ হজযাত্রী প্রতিস্থাপন সংক্রান্ত।

২০২৩ সালের সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনায় হজযাত্রী হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২ এর বিধি ১৩ (১) ও (২) অনুযায়ী প্রতিস্থাপন এর বিধি নিম্নরূপ:

"(১) নিবন্ধিত হজ পালনে ইচ্ছুক কোনো ব্যক্তি মৃত্যুবরণ করিলে সংশ্লিষ্ট সিভিল সার্জন বা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ হজ অফিস, ঢাকায় দাখিলপূর্বক শূন্য কোটায় প্রাক-নিবন্ধিত হজ পালনে ইচ্ছুক ব্যক্তি প্রতিস্থাপন করা যাইবে, তবে উক্ত ক্ষেত্রে মৃত হজ পালনে ইচ্ছুক ব্যক্তির পরিবারের সদস্য অগ্রাধিকার পাইবে।

(২) নিবন্ধিত হজ পালনে ইচ্ছুক ব্যক্তি গুরুতর অসুস্থতার কারণে হজে গমনে অক্ষম হইলে সিভিল সার্জনের প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট হজ এজেন্সি ফরম-৩ অনুযায়ী প্রয়োজনীয় তথ্য সরকারের নিকট প্রদান করিবে এবং সরকারের পূর্বানুমোদন সাপেক্ষে হজ নিবন্ধন বাতিল করিয়া উক্ত হজ পালনে ইচ্ছুক ব্যক্তির শূন্য কোটায় প্রাক-নিবন্ধনের ক্রম অনুসরণ করিয়া হজ পালনে ইচ্ছুক ব্যক্তি প্রতিস্থাপন করিতে পারিবে।"

০২। হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা, ২০২২ এর বিধি ১৩ (১) অনুযায়ী হজ অফিস, আশকোনা, ঢাকা এবং বিধি ১৩ (২) অনুযায়ী ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হজযাত্রী প্রতিস্থাপন করবে। উল্লেখ্য, কোন এজেন্সি ৫% এর অধিক হজযাত্রী প্রতিস্থাপন করতে পারবে না। প্রতিস্থাপনের সময়সীমা পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনে এ বিজ্ঞপ্তি জারী করা হ'ল।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (ফরম-৩)।


—  
২১.০৬.২০২৬

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব

ফোন: +৮৮০২-৫৫১০১১১৮  
e-mail: morahajsection@gmail.com

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা (বিজ্ঞপ্তি মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্নের অনুরোধসহ)
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশসহ মন্ত্রণালয়ের পক্ষে ই-হজ সিস্টেমে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ৩০, নয়াপল্টন, ঢাকা (সংশ্লিষ্ট সকল এজেন্সিকে অবহিত করাসহ এতদসংক্রান্ত কাজে সহযোগিতা প্রদানের অনুরোধসহ)
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি হজ পোর্টালে প্রকাশসহ কারিগরি প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৭. স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার/ব্যবস্থাপনা অংশীদার, ..... (২০২৩ সালে হজ কার্যক্রম পরিচালনাকারী সকল হজ এজেন্সি)
৮. অফিস কপি



ফরম-৩  
[বিধি ১৩ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]  
হজযাত্রী প্রতিস্থাপন ফরম  
অনলাইনে পূরণীয়

হজ এজেন্সির নাম:

হজ এজেন্সির লাইসেন্স নম্বর:

(ক) হজযাত্রী বাতিল করতে ইচ্ছুক হজযাত্রীর তথ্য:

হজযাত্রীর ট্র্যাকিং নম্বর:

ক্রমিক নম্বর:

মাহরামের ট্র্যাকিং নম্বর:

মাহরামের সিরিয়াল নম্বর:

হজযাত্রীর নাম:

পিআইডি নম্বর:

মাহরামের নাম:

বাতিলের কারণ:

(খ) প্রতিস্থাপিত হজযাত্রীর তথ্য:

প্রতিস্থাপিত হজযাত্রীর ট্র্যাকিং নম্বর:

নাম:

ক্রমিক নম্বর:

প্রতিস্থাপিত হজযাত্রী মাহরামের ট্র্যাকিং নম্বর:

প্রতিস্থাপিত হজযাত্রী মাহরামের সিরিয়াল নম্বর:

প্রতিস্থাপিত হজযাত্রীর

পিআইডি নম্বর:

প্রতিস্থাপিত হজযাত্রী মাহরামের নাম:

বর্ণিত তথ্যাবলী সঠিক। কোনো অসত্য তথ্যের জন্য আমার আবেদন বাতিল হবে জেনে আবেদন করলাম।

আবেদনকারীর বা আবেদনকারীর পক্ষে (সম্পর্ক উল্লেখসহ) স্বাক্ষর ও তারিখ

উল্লিখিত হজযাত্রী গুরুতরভাবে অসুস্থ এবং তিনি হজ পালনে বর্তমানে শারীরিকভাবে অক্ষম। বিষয়টি যাচাই করে সঠিক পাওয়া গেলো বিধায় সুপারিশ করা হল।

স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক অনলাইনে তথ্য প্রদানের অনুমোদিত চিকিৎসকের স্বাক্ষর ও তারিখ

ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পূরণীয়:

পূর্ণাঙ্গভাবে পূরণকৃত ফরম ও সংযুক্তিসমূহ গ্রহণ করা হলো।

ফরম গ্রহণকারীর স্বাক্ষর ও তারিখ

বিঃদ্র: গুরুতরভাবে অসুস্থ হজযাত্রীর অসুস্থতার সনদ সরকারি মেডিকেল বিশ্ববিদ্যালয়/সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতালের অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক এবং জেলা পর্যায়ে সিভিল সার্জন ও উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার নিকট হতে সংগ্রহ করতে হবে। মৃত্যুজনিত কারণে হজযাত্রী প্রতিস্থাপনের আবেদনের সহিত সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র এবং সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ সংযুক্ত করতে হবে।